

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা। ফোন ; ০৮১-৭৬৩২৮, ফ্যাক্স ; ০৮১-৭৬৪৩৮  
website : www.comillaboard.gov.bd; E-mail: info@comillaboard.gov.bd.

স্মারক নং : পরী/মাধ্য/এসএসসি/২০১৬/২৬৮ (৫৯)

তারিখ : ১২ ডিসেম্বর ২০১৬ খ্রিঃ

প্রেরক : পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড  
কুমিল্লা

প্রাপক : ভারপ্রাপ্ত কর্মকর্তা

এসএসসি পরীক্ষা কেন্দ্র - ২০১৭

এবং

জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার

**বিষয় : এসএসসি পরীক্ষা - ২০১৭ এর কেন্দ্র কমিটি গঠন প্রসঙ্গে।**

জনাব,

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৭ সনের এসএসসি পরীক্ষা আগামী ০২ ফেব্রুয়ারি হতে আরম্ভ হবে। উক্ত পরীক্ষা সুষ্ঠু এবং সুন্দরভাবে পরিচালনার নিমিত্তে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা-২০১৭ পরিচালনা সংক্রান্ত নীতিমালা মোতাবেক প্রতিটি কেন্দ্রের জন্য কেন্দ্র কমিটি গঠন করা আবশ্যিক। অতএব তাঁর আওতাধীন জেলা সদর/উপজেলার ২০১৭ সালের সকল এসএসসি পরীক্ষা কেন্দ্রের জন্য আলাদাভাবে অনধিক ১৫ (পনের) সদস্য বিশিষ্ট একটি কেন্দ্র কমিটি গঠন করে তা অনুমোদনের লক্ষ্যে আগামী ১০ জানুয়ারি ২০১৭ তারিখের মধ্যে অত্র বোর্ডে প্রেরণের জন্য অনুরোধ করা হল।

**কেন্দ্র কমিটি গঠনের নিয়মাবলি :**

ক. **ভারপ্রাপ্ত কর্মকর্তা :** জেলা সদরের জন্য জেলা প্রশাসক এবং উপজেলা সদর ও উপজেলার আওতাধীন কেন্দ্রের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার অথবা ১ম শ্রেণির একজন কর্মকর্তা;

খ. **সদস্যবৃন্দ**


১. জেলা শিক্ষা অফিসার (জেলা সদরের জন্য) এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (উপজেলার ক্ষেত্রে);

২. বোর্ড কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত কেন্দ্রের আওতাধীন বিদ্যালয়/স্কুল এন্ড কলেজ এর প্রধান শিক্ষক/অধ্যক্ষ। প্রয়োজনবোধে স্থানীয় কলেজের অধ্যক্ষকে সদস্য করা যেতে পারে;

গ. **কেন্দ্র সচিব:**

জেলা সদর কেন্দ্রে সরকারি স্কুলের প্রধান শিক্ষক কেন্দ্র সচিব হবেন। জেলা সদর ব্যতিত অন্যান্য পরীক্ষা কেন্দ্রে যেখানে সরকারি স্কুল আছে, সেখানে সরকারি স্কুলের প্রধান শিক্ষক কেন্দ্র সচিব হবেন। যেখানে সরকারি স্কুল নেই সেখানে কেন্দ্রস্থিত শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কেন্দ্র সচিব হবেন। প্রয়োজনবোধে জেলা শিক্ষা অফিসার/ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/প্রথম শ্রেণির যে কোন সরকারি কর্মকর্তা কেন্দ্র সচিব হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন। তবে কোন শিক্ষক অথবা কোন কর্মকর্তার ছেলে/মেয়ে/পোষ্য সংশ্লিষ্ট কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহণ করলে তিনি কেন্দ্র সচিব বা কেন্দ্র পরিচালনা কমিটির সদস্য থাকতে পারবেন না। পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালার আলোকে অভিযুক্ত/ বিধি মোতাবেক চাকুরীর মেয়াদ শেষ বা চুক্তিভিত্তিক নিয়োগপ্রাপ্ত কোন শিক্ষক কেন্দ্র সচিব বা কেন্দ্র কমিটিতে অন্তর্ভুক্ত হতে পারবেন না।

বিঃদ্র: কেন্দ্র ফি বাবদ বোর্ড নির্ধারিত ফি-এর অতিরিক্ত অর্থ আদায় করা যাবে না। উক্ত অর্থ থেকেই কেন্দ্রের সকল ব্যয় নির্বাহ করতে হবে।

  
(কায়সার আহমেদ)  
পরীক্ষা নিয়ন্ত্রক  
১২/১২/১৬  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা  
ফোন : ০৮১-৭৬১৭২

স্মারক নং : পরী/মাধ্য/এসএসসি/২০১৬/২৬৮(৫৯)/২৪১

তারিখ : ১২ ডিসেম্বর ২০১৬ খ্রিঃ


অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ:

১. কেন্দ্রের ভেন্যু প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক/অধ্যক্ষ

উচ্চবিদ্যালয়/স্কুল এন্ড কলেজ

ডাকঘর : ..... উপজেলা : ..... জেলা : .....

২. সংরক্ষণ নথি।

  
১২/১২/১৬  
(মোহাম্মদ শহিদুল ইসলাম)  
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক)  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা  
ফোন : ০৮১-৭৬৪৬১